

যুগান্তর

বদরগঞ্জে প্রশ্নফাঁসের অভিযোগে প্রভাষক গ্রেফতার

প্রকাশ : ২৫ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বদরগঞ্জ (রংপুর) প্রতিনিধি

বদরগঞ্জে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করার অভিযোগে আবু তাহের নামে এক প্রভাষককে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার বিকালে বদরগঞ্জ ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্র থেকে তাকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় ওইদিন রাতেই বদরগঞ্জ ডিগ্রি কলেজের অধ্যক্ষ মু. মাজেদ আলী খান বাদী হয়ে বদরগঞ্জ থানায় মামলা করেন। শনিবার ওই প্রভাষককে কারাগারে পাঠানো হয়েছে।

জানা গেছে, বাউবির অধীনে বদরগঞ্জ ডিগ্রি কলেজে এইচএসসি পরীক্ষা চলছে। গত শুক্রবার পৌরনীতি ১ম পত্র এবং দুপুর ২টায় ২য় পত্র পরীক্ষা শুরু হয়। ওইদিন দুপুর ১২টায় প্রশ্নপত্র ফাঁসের সংবাদ পেয়ে কলেজে আসেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রংপুরের আঞ্চলিক পরিচালক ড. মো. আজিজুল হক। তিনি কেন্দ্রের সমন্বয়কারী ফরিদুল ইসলামের কাছে পৌরনীতির ২য় পত্রের প্রশ্নপত্র দেখতে চান। এ সময় ফরিদুল ইসলাম প্রশ্নপত্রের আংশিক খোলা প্যাকেট তাকে দেন। এ সময় তিনি প্রশ্নপত্র গণনা করে দেখতে পান ১০০ প্রশ্নের স্থলে ৯০টি। শনিবার সকালে থানাহাজতে প্রভাষক আবু তাহের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ অস্বীকার করে বলেন, ‘আমি পরীক্ষা কেন্দ্রে কোনো দায়িত্বে ছিলাম না। আমি ষড়যন্ত্রের শিকার হয়েছি।’

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।